


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৪ মে ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল মহানগরীর চাঁদমারী সড়ক ও সাগরদী বাজার এলাকায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৪/০৫/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল মহানগরীর চাঁদমারী সড়ক ও সাগরদী বাজার এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী চাঁদমারী সড়ক এলাকায় আল্লাহর দান হোটেল কে মূল্য তালিকা প্রদর্শন না করা ও মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হয় এমন প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ও ৪৩ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা এবং চরমোনাই হোটেল কে মূল্য তালিকা প্রদর্শন না করা ও মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হয় এমন প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ও ৪৩ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা এবং সাগরদী বাজার এলাকায় ফাহিম স্টোরকে পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ২,০০০/- টাকাসহ মোট ৮,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস চাঁদমারী এলাকায় ভাই ভাই মেডিকেল হল কে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য, ঔষধ বা সেবা বিক্রয় করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪০ ধারা অনুযায়ী ৪,০০০/- টাকা এবং মায়ের দোয়া হোটেল কে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ২,০০০/- টাকা এবং সাগরদী বাজার এলাকায় মেসার্স খান পোল্ট্রি হাউজ কে ওজনে কারচুপি করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৬ ধারা অনুযায়ী ২,০০০/- টাকাসহ সর্বমোট ৮,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। আজকের ০২ টি অভিযানে ০৬ টি প্রতিষ্ঠানে সর্বমোট ১৬,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয়, হ্যান্ড মাইকে ব্যাপক প্রচার-প্রচারণা ও গণসংযোগ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারণিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। বরিশাল এপিবিএন ১০ এর একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।



১৪-৫-২০২৩

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৪৭৮৮৬২০৪২

ইমেইল: dd-

barisal@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৩) পুলিশ কমিশনার, বরিশাল।
- ৪) জেলা প্রশাসক, বরিশাল।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, সদয় উপজেলা, বরিশাল।
- ৭) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল জেলা কার্যালয়।
- ৮) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়।
- ৯) অফিস কপি।